NOV. 27 2001

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... পৃষ্ঠা ১২ কলাম ২

# ভিসি আজাদ চৌধুরীর অপসারণের বিরুদ্ধে হাইকোর্টে রিট

**সুপ্রীমকোর্ট রিপোর্টার** ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক একে আজাদ চৌধুরীকে অপসারণের বিরুদ্ধে হাইকোর্টে রিট মামলা দায়ের করা হয়েছে। সাবেক ছাত্রনেতা ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট সদস্য ইসমত কাদির গামা ও হাবিবুর রহমান খান সোমবার রিটটি দায়ের করেন। আজ মঙ্গলবার এর ওপর শুনানি

*(১১- পৃষ্ঠা ৬-এর কঃ দেখুন)*

## ভিসি আজাদ চৌধুরীর

*(১২-এর পাতার পর)*

অনুষ্ঠিত হতে পারে। অন্যদিকে রিটটি শুনানির অনুমতি দিতে হাইকোর্টের অন্য একটি বেঞ্চ বিব্রতবোধ করেছে। বিচারপতি মোঃ হামিদুল হক ও বিচারপতি ইমান আলী সমন্বয়ে গঠিত বেঞ্চে রিটটি শুনানির অনুমতি প্রার্থনা করা হলে কনিষ্ঠ বিচারপতি বিব্রতবোধ করেন। পরে বিচারপতি মোঃ আবদুল মতিন ও বিচারপতি মারযি-উল-হক সমন্বয়ে গঠিত বেঞ্চ শুনানির অনুমতি প্রদান করে। রিট আবেদনে বলা হয়, গত ১২ নবেম্বর অধ্যাপক একে আজাদ চৌধুরীকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য পদ থেকে অব্যাহতি প্রদান করা হয়। ঐ পদে নতুন নিয়োগ দেয়া হয় একই বিশ্ববিদ্যালয়ের নৃ-বিজ্ঞান বিভাগের অধ্যাপক আনোয়ার উল্লাহ চৌধুরীকে। রিট আবেদনে আরও বলা হয়, একে আজাদ চৌধুরীকে অব্যাহতি দেয়া হয় জেনারেল ক্লজেজ এ্যাক্ট নামক ব্রিটিশ আমলের পুরনো আইনের ১৬ ধারায়। অন্যদিকে নতুন উপাচার্যকে নিয়োগ প্রদান করা হয় বিশ্ববিদ্যালয় অধ্যাদেশের ১১ (২) ধারা মোতাবেক। সম্পূর্ণ বেআইনীভাবে একে আজাদ চৌধুরীকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য পদ থেকে অব্যাহতি দিয়ে ঐ পদে অধ্যাপক আনোয়ার উল্লাহ চৌধুরীকে নিয়োগ দেয়া হয়। রিটটি শুনানি করবেন ব্যারিস্টার আমির-উল-ইসলাম। তাঁকে সহায়তা করবেন এ্যাডভোকেট মনজিল মোরশেদ।